# Times Today BD

আলী হায়দার | দেশজুড়ে | 06 May, 2025

কিশোরগঞ্জের পাকুন্দিয়া পরিক্ষার হলে যাওয়ার পথে বজ্রপাতে তিন স্কুলছাত্রীর মৃত্যু হয়েছে।মঙ্গলবার (৬ মে) দুপুরে উপজেলার চরটেকী এলাকায় এ ঘটনা ঘটে।

নিহতরা হলেন- উপজেলার চরটেকী গ্রামের জালাল উদ্দিনের মেয়ে ইরিনা (১৫), একই গ্রামের বাদল মিয়ার মেয়ে প্রিয়া (১৫) ও চরটেকী গ্রামের বোরহান উদ্দিনের মেয়ে বর্ষা (১৫)।তারা তিনজনই চরটেকী গার্লস স্কুল অ্যান্ড কলেজের ৯ম শ্রেণির শিক্ষার্থী ছিলেন।

বিষয়টি নিশ্চিত করেছেন পাকুন্দিয়া থানার ওসি মো. সাখাওয়াৎ হোসেন।

জানা গেছে, দুপুরে ঝড়সহ বৃষ্টিপাত শুরু হয়।এ সময় স্কুলে পরীক্ষায় অংশ নেওয়ার জন্য যাওয়ার পথে ঝড়বৃষ্টির কবলে পড়ে ওই তিন শিক্ষার্থী।এ সময় ঝড়ের সঙ্গে বজ্রপাত হলে গুরুতর আহত হন তারা।পরে তাদের উদ্ধার করে পাকুন্দিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে ইরিনা ও প্রিয়াকে মৃত ঘোষণা করেন চিকিৎসক।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক কামরুল হাসান বলেন, তিনজনের মধ্যে দুজন মারা গেছেন।আহত বর্ষা নামে একজনকে শহিদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।পরে আহত অবস্থায় বর্ষাও মারা যান।

কিশোরগঞ্জ বজ্রপাত স্কুলছাত্রী শিক্ষার্থী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:33

URL: https://www.timestodaybd.com/across-the-country/3179322019